

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ১. ৩. ঈশ্বরের ভয় বনাম ঈশ্বরের প্রেম

বাইবেলের বিভিন্ন স্থানে বলা হয়েছে যে, ঈশ্বরকে ভয় করতে হবে। অন্যত্র বলা হয়েছে যে, ঈশ্বরকে প্রেম করতে হবে। অনেকে এ দুটো বিষয়কে সাংঘর্ষিক বলে গণ্য করেন। তবে বিষয় দুটো সমন্বয়যোগ্য; কারণ অনেক সময় ভয় ও প্রেম একত্রিতই থাকে। যেমন পিতামাতাকে সন্তানরা ভয় করে এবং ভালবাসে। প্রেমময় ভীতি বা ভীতিজড়িত প্রেম হৃদয়কে উদ্বেলিত করে। তবে যদি কেউ বলেন প্রেমের মধ্যে ভয় থাকতে পারে না বা ভয়ের মধ্যে প্রেম থাকতে পারে না তবে তার কথাটা ভুল ও সাংঘর্ষিক বলে গণ্য। আর এরূপ কথা বিবেকের আলোকেও ভুল। মানুষ তার পিতাকে বা মাতাকে ভয় পায় অর্থ তাকে সে ভালবাসে না, অথবা ভালবাসে অর্থ সে মোটেও ভয় পায় না এরূপ দাবি করা একেবারেই বিবেক বিরুদ্ধ।

বাইবেলের বিভিন্ন স্থানে আল্লাহকে ভালবাসতে বলা হয়েছে: দ্বিতীয় বিবরণ ৬/৫; মথি ২২/৩৭; মার্ক ১২/৩০; লূক ১০/২৭। অন্যত্র আল্লাহকে ভয় করতে বলা হয়েছে: দ্বিতীয় বিবরণ ৬/১৩; গীতসংহিতা ৩৩/৮; ৩৪/৯; ১১০/১০; ১১৫/১৩; ১২৮/১; ১৪৭/১১; হিতোপদেশ/ মেসাল ৮/১৩; ১৬/৬; ১৯/২৩; ২২/৪; যিশাইয় ৮/১৩; লূক ১২/৫; ১ পিতর ২/১৭। এ বিষয়টাকে আমরা বৈপরীত্য বলে গণ্য করিনি। তবে যোহন লেখেছেন: ভালবাসার সাথে ভয় থাকে না: "প্রেমে ভয় নাই (There is no fear in love), বরং সিদ্ধ প্রেম ভয়কে বাহির করিয়া দেয়, কেননা ভয় দ-যুক্ত, আর যে ভয় করে, সে প্রেমে সিদ্ধ হয় নাই (কি. মো.-১৩: কেননা ভয়ের সঙ্গে শান্তির চিন্তা যুক্ত থাকে, আর যে ভয় করে, সে মহববতে পূর্ণতা লাভ করেনি)" (১ যোহন ৪/১৮)। এ কথাটাকে আমরা বৈপরীত্য বলে গণ্য করতে বাধ্য।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13955

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন